

সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ ঔষধি ইনজেকশন সাওমে কোনো প্রভাব ফেলবে কিনা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

ঔষধি ইনজেকশন সাওমে কোনো প্রভাব ফেলবে কিনা

বিবরণ: খাদ্য উপাদান সমৃদ্ধ ইনজেকশন ছাড়া অন্যান্য যেসব ইনজেকশন বিভিন্ন রোগের চিকিৎসার জন্য ব্যবহৃত হয়, সেগুলোই ঔষধি ইনজেকশন। এগুলো কখনও চামড়ায় দেওয়া হয়; যেমন, ইনসুলিন। আবার কখনও মাংসপেশী বা শিরায় দেওয়া হয়। এসব ইনজেকশন পাকস্থলী পর্যন্ত যায় না। এক্ষণে সাওমে এর কী ধরণের প্রভাব রয়েছে?

হুকুম: আধুনিক কালের প্রায় সকল আলিমের মতে, উল্লিখিত ইনজেকশন সাওম ভঙ্গ করবে না। 'আন্তর্জাতিক ফিক্কহ একাডেমী', সউদী আরবের 'আল-লাজনাহ আদ-দায়েমাহ লিল-বুহূছ আল-ইলমিইয়া ওয়াল-ইফতা' এবং 'দারুল ইফতা আল-মিছরিইয়া'-ও এই ফাতওয়া দিয়েছে।

তারা বলেন, এসব ইনজেকশন খাদ্য, পানীয় বা এ জাতীয় কোনো কিছু নয় বলে সেগুলো সাওম ভঙ্গ করবে না।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9817

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন